

জাবি উপাচার্যের অবমাননার প্রতিবাদ

জাবি সংবাদদাতা ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামের কুশপুতুল দাহকে নারীর প্রতি অবমাননা ও সহিংসতা আখ্যা দিয়ে এর প্রতিবাদে মানববন্ধন করেছেন বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী।

মঙ্গলবার সকাল সাড়ে দশটায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার সংলগ্ন সড়কে এই মানববন্ধন কর্মসূচী পালন করা হয়। মানববন্ধনে শতাধিক নারী অংশগ্রহণ করে।

এ সময় বঙ্গরা বলেন, একজন নারীর কুশপুতুল দাহ করার মাধ্যমে সকল নারী সমাজকে অবমাননা করা হয়েছে। আর শাড়ি নারীর অগ্রযাত্রা ও সম্মানের প্রতীক। শাড়িকে পুড়িয়ে নারীর প্রতি সহিংস মনোভাব ও বিদ্বেষ প্রকাশ পেয়েছে। আমরা মনে করি, কোন শিক্ষকের কুশপুতুল দাহ করা শিক্ষকসূলভ আচরণ নয়।

মানববন্ধন শেষে নারী অপমানের বিচার চেয়ে নতুন কলা ভবনের শিক্ষক লাউঞ্জে এক সংবাদ সম্মেলনের করেন তারা। এতে লিখিত বক্তব্যে মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক বারতা চক্রবর্তী বলেন, কল্পিত দুর্নীতির অভিযোগ করে বাংলাদেশের প্রথম নারী উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামকে পদচূত করার জন্য কয়েক শিক্ষক ও কিছু শিক্ষার্থী এমন কিছু কর্মসূচী অবলম্বন করেছেন যা নারীর জন্য অবমাননাকর।

সংবাদ সম্মেলনে অধ্যাপক রাশেদ আখতার, সহযোগী অধ্যাপক সালমা আশোদ, সোলনারা আকতারসহ ৫০ নারী শিক্ষক উপস্থিতি ছিলেন।

স্নাতক ভর্তির রিলিজ স্লিপের আবেদন ২৭ অক্টোবর শুরু

জাতীয় বিশ্ববিদ্যালয়

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপের অনলাইন আবেদন ২৭ অক্টোবর বিকেল ৪টা থেকে শুরু হবে। আবেদনের সময়সীমা হলো আগামী ৩ নবেম্বর রাত ১২টা। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ ফয়জুল করিম জানান, এ ভর্তি কার্যক্রমে যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পায়নি কিংবা মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি অথবা মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সব প্রার্থী ১ম রিলিজ স্লিপে আবেদন করতে পারবেন। বিস্তারিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([জি.বি.ই.ধপ.নফ/ ধফসরংরডহং](#)) থেকে জানা যাবে।

Fly to Mumbai with SpiceJet.

SpiceJet

Now enjoy amazing fares on Daily Direct Flight between Dhaka and Mumbai.

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক প্লোব জনকর্ত্ত
শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লিঃ ও জনকর্ত্ত লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকর্ত্ত ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন,
জিপিও বাস্স: ৩৩৮০, ঢাকা।

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মাঘান ভবন (দোতলা),
১৫৬ নূর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

ফোন: ৯৩৪ ৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকর্ত্ত: www.edailyjanakantha.com

Copyright © All rights reserved by dailyjanakantha.com